# ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

## "ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অকেজো ভারী ও হালকা যানবাহন/যন্ত্রপাতি, ঝুঁকিপূর্ণ ভবন/স্থাপনা/অবকাঠামো, পরিত্যক্ত/ব্যবহার অনুপযোগী ইলেকট্রিক ও ইলেকট্রনিক পণ্য/স্ক্র্যাপ মালামাল/ঝড়ে পড়া ও মৃত বৃক্ষাদিসহ বিবিধ মালামাল নিলাম বিক্রয় নীতিমালা-২০২২"

ভূমিকাঃ

"ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ভারী ও হালকা যানবাহন/যন্ত্রপাতি, ঝুঁকিপূর্ণ ভবন/স্থাপনা, অবকাঠামো, পরিত্যক্ত/ব্যবহার অনুপযোগী ইলেকট্রিক ও ইলেকট্রনিক পণ্য/স্ক্র্যাপ মালামাল/ঝড়ে পড়া ও মৃত বৃক্ষাদিসহ বিবিধ মালামাল সময় সময় অকেজো ঘোষনা করতে হয় ও নিলামে বিক্রয়ের প্রয়োজন হয়। কিন্তু অকেজো ঘোষনার লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গঠিত এতদবিষয়ক একটি কমিটি থাকলেও কার্যসম্পাদনের ক্ষেত্রে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের কোন নীতিমালা নেই। এ যাবৎ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন সংশ্লিষ্ট অঞ্চল হতে মূল্য নির্ধারণপূর্বক বোর্ড সভার অনুমোদন সাপেক্ষে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গঠিত কমিটির অনুমোদন নিয়ে পত্রিকায় বিজ্ঞপ্তি দিয়ে উন্মুক্ত দরপত্রের মাধ্যমে নিলাম কার্যাদি পরিচালিত হয়ে আসছে। নীতিমালা না থাকায় সংস্থার বিভিন্ন প্রকার নিলাম কার্যক্রম সম্পাদনে বহুবিধ জটিলতার উদ্ভব হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিবহণ শাখার পত্র স্মারক-সম(পরি)প-৫/৯৮-১৫৮(২০০) তারিখঃ ২৮ বৈশাখ, ১৪০৬ এর স্মারক মূলে মন্ত্রণালয়/বিভাগ এবং উহার আওতাধীন দপ্তর/সংযুক্ত দপ্তর/পরিদপ্তরের মোটরযান, নৌ-যান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষনাপত্র ও নিস্পত্তি নীতিমালা প্রনয়ন করা হয়েছে। উক্ত নীতিমালার অনুচ্ছেদ-৭ এ এই মর্মে নির্দেশনা রয়েছে যে,

> "স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত সংস্থা এই নীতিমালার আলোকে তাহাদের নিজস্ব নীতিমালা প্রণয়পূর্বক নিজ নিজ পরিচালক পর্ষদের অনুমোদনক্রমে মোটরযান, নৌযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিস্পত্তি সংক্রান্ত কার্যাদি সম্পাদন করিবে এবং প্রশাসনিক মন্ত্রণালয়কে অবহিত করিবে"

জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিবহণ শাখার পত্র স্মারক-সম(পরি)প-৫/৯৮-১৫৮(২০০) তারিখঃ ২৮ বৈশাখ, ১৪০৬ এর স্মারকমূলে প্রণীত নীতিমালা, স্থানীয় সরকার বিভাগের ''সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা-২০১১''; ঢাদসিক'র আদেশ নং-২২৪৯/প্রবি মূলে প্রণীত যান্ত্রিক শাখার মালামাল নিলাম বিক্রয় সংক্রান্ত দাপ্তরিক আদেশ; স্থানীয় সরকার বিভাগের পরিপত্র নং-৪৬.০০.০০০০.০৭১.১৮.০০১.১২-২৫৯, তারিখ-১৩/০৫/২০১৩ খ্রি. মূলে গঠিত "সিটি কর্পোরেশন কনডেমনেশন কমিটি"সংক্রান্ত প্রজ্ঞাপনের নির্দেশনা এবং জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-৪(২৫) শুল্ক ৮/৯৩ (অংশ-১)/৬৫-৯০ তারিখ-২৮/০৩/২০০১ খ্রিঃ অনুসারে "গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কাষ্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর নিলাম বিক্রয়ের নির্দেশনা" পর্যালোচনাপূর্বক সমন্বিত আকারে "ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অকেজো ভারী ও হালকা যানবাহন/যন্ত্রপাতি, ঝুঁকিপূর্ণ ভবন/স্থাপনা/অবকাঠামো, পরিত্যক্ত/ব্যবহার অনুপযোগী ইলেকট্রিক ও ইলেকট্রনিক পণ্য/স্ক্র্যাপ মালামাল/ঝড়ে পড়া ও মৃত বৃক্ষাদিসহ যাবতীয় মালামাল নিলামকরণের নিমিত্ত নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো। এ নীতিমালা "ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অকেজো ভারী ও হালকা যানবাহন/যন্ত্রপাতি, ঝুঁকিপূর্ণ ভবন/স্থাপনা/অবকাঠামো, পরিত্যক্ত/ব্যবহার অনুপযোগী ইলেকট্রিক ও ইলেকট্রনিক পণ্য/স্ক্র্যাপ মালামাল/ঝড়ে পড়া ও মৃত বৃক্ষাদিসহ বিবিধ মালামাল নিলাম বিক্রয় নীতিমালা-২০২২" নামে অভিহিত হবে।

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের কোন যানবাহন/যন্ত্রপাতি/ইলেকট্রিক বা ইলেকট্রনিক মালামাল ব্যবহার অনুপযোগী হয়ে পড়লে বা কোন ভবন/স্থাপনা/অবকাঠামো ব্যবহারে ঝুঁকি পরিলক্ষিত হলে বা ঝড়ে পড়া/মৃত বৃক্ষ অপসারণের প্রয়োজন হলে বা অকেজো/অপ্রয়োজনীয় যেকোন মালামাল নিলামে বিক্রয়ের প্রয়োজন হলে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করে নিলাম বিক্রয় করতে হবে ঃ

**(ক) ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের বিভিন্ন প্রকার ভারী ও হালকা যানবাহন/যন্ত্রপাতি/টায়ার ও টিউব/কম্পিউটার, অফিসে ব্যবহৃত অন্যান্য ইলেকট্রিক ও ইলেকট্রনিক পণ্য অকেজো ঘোষণা ও নিস্পত্তি ঃ**

ক-১। ভারী ও হালকা যানবাহন/যন্ত্রপাতি/ টায়ার ও টিউব অকেজো ঘোষণার জন্য অনুসৃত নিয়মাবলি ঃ

ক-২। মেরামতের অযোগ্য বা মেরামত করে ব্যবহার অলাভজনক বলে বিবেচিত ভারী ও হালকা যানবাহন/যন্ত্রপাতি/ টায়ার ও টিউব সম্পর্কে সংশ্লিষ্ট যান্ত্রিক বিভাগ অত্র নীতিমালার পরিশিষ্ট-ক-১ ফরমে যানবাহন/যন্ত্রটির বিস্তারিত বিবরণ ও পরিশিষ্ট-ক-২ ফরমে যানবাহন/যন্ত্রটির কারিগরি প্রতিবেদন ও আনুমানিক সেলভেজ মূল্য প্রনয়ণ করে অকেজো ঘোষনা প্রস্তাব নিম্নরূপ কমিটির মাধ্যমে যাচাই-বাছাই করে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য মূল্য নির্ধারণ কমিটির আহবায়ক প্রধান সম্পত্তি কর্মকর্তা বরাবর প্রেরণ করবে।

৩। যানবাহন/যন্ত্রপাতি/ টায়ার ও টিউব/ কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য ইলেকট্রিক ও ইলেকট্রনিক পণ্য নিলাম প্রস্তাব প্রস্তুত কমিটি ঃ

| | |
|---|---|
| তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক/বিদ্যুৎ)/সিস্টেম এনালিস্ট, ঢাদসিক (সংশ্লিষ্ট ক্ষেত্রে) | আহবায়ক |
| সম্পত্তি কর্মকর্তা, ঢাদসিক | সদস্য |
| সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ/ যান্ত্রিক), ঢাদসিক (সংশ্লিষ্ট ক্ষেত্রে) | সদস্য |
| নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক/বিদ্যুৎ)/সহকারী পোগ্রামার, ঢাদসিক (সংশ্লিষ্ট ক্ষেত্রে) | সদস্য সচিব |

**ক-২। ভারী ও হালকা যানবাহন/যন্ত্রপাতি/ টায়ার ও টিউব/কম্পিউটার, অফিসে ব্যবহৃত অন্যান্য ইলেকট্রিক ও ইলেকট্রনিক পণ্য অকেজো ঘোষণার প্রস্তাব প্রেরণকালে যান্ত্রিক বিভাগ/বিদ্যুৎ বিভাগ/আইসিটি বিভাগ নিম্লোক্ত বিষয়াদি বিবেচনা করবে ঃ**

ক-২.১। ঘন ঘন মেরামতের ফলে মেরামত করে চালানো অলাভজনক হয়ে পড়েছে এরূপ যানবাহন/যন্ত্রপাতি।

ক-২.২। মডেল পরিবর্তনের দরুণ বাজারে সরবরাহ বন্ধ হয়ে গেছে এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন আছে এরূপ যানবাহন/যন্ত্রপাতি।

ক-২.৩।যানবাহান/যন্ত্রপাতিটি/টায়ার ও টিউব/কম্পিউটার, অফিসে ব্যবহৃত অন্যান্য ইলেকট্রিক ও ইলেকট্রনিক পণ্যমেরামত করতে প্রয়োজনীয় পার্টস এর বর্তমান বাজার মূল্য যানবাহন/যন্ত্রের ক্রয়মূল্যের ৫০% এর বেশি ব্যয় হবে এরূপ যানবাহন/যন্ত্রপাতি মেরামত না করে অকেজো ঘোষণার প্রস্তাব প্রেরণ করতে হবে।

ক-২.৪। দুই-এর অধিক প্রধান ইউনিটের সমস্ত যন্ত্রাংশ ক্ষয়প্রাপ্ত হয়েছে এরূপ যানবাহন/যন্ত্রপাতি।

ক-২.৫। দূর্ঘটনায় ক্ষতিগ্রস্থ যানবাহন/যন্ত্রপাতির কাঠামো দুমড়ে/মুচড়ে গেছে এবং এক বা একাধিক প্রধান ইউনিট বিনষ্ট হয়েছে এরূপ যানবাহন/যন্ত্রপাতি।

## (খ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মালিকানাধীন ঝুঁকিপূর্ণ ভবন/স্থাপনা/অবকাঠামো নিলামের প্রস্তাব প্রেরণের নিয়মাবলী ঃ

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন/মালিকানাধীন কোন ভবন/স্থাপনা/অবকাঠামো ঝুঁকিপূর্ণ প্রতীয়মান হলে আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী ও সংশ্লিষ্ট ওয়ার্ডের কাউন্সিলরসহ সরেজমিনে ভবনটি (মার্কেট, কমিউনিটি সেন্টার, যাত্রী ছাউনী, ফুট ওভার ব্রীজ অফিস ও স্থাপনাসহ অন্যান্য) পরিদর্শন করে নিম্নবর্ণিত কমিটির মাধ্যমে ঝুঁকিপূর্ণ ঘোষনার প্রস্তাব ও প্রাক্কলন প্রস্তুত করে ঝুঁকিপূর্ণ ভবন সংক্রান্ত ঢাদসিক'র টেকনিক্যাল কমিটিতে প্রেরণ করবেন।

খ-১ '' ভবন/স্থাপনা ঝুকিপূর্ণ ঘোষনার প্রস্তাব প্রেরণ সংক্রান্ত ঢাদসিক'র আঞ্চলিক কমিটি ঃ

| | |
|---|---|
| আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সংশ্লিষ্ট), ঢাদসিক | আহবায়ক |
| নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) | সদস্য |
| নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/গণপূর্ত, ঢাকা | সদস্য |
| নির্বাহী প্রকৌশলী (পুর), ঢাদসিক | সদস্য-সচিব |

সংশ্লিষ্ট আঞ্চলিক কমিটি প্রস্তাব যাচাই-বাছাইপূর্বক ঝূঁকিপূর্ণ ঘোষনার কারিগরি যুক্তিসহ সুনির্দিষ্ট সুপারিশ ''ঝুকিপূর্ণ ভবন সংক্রান্ত ঢাদসিক'র টেকনিক্যাল কমিটি''র নিকট প্রেরণ করতে হবে।

খ-২ ''ঝুকিপূর্ণ ভবন সংক্রান্ত ডিএসসিসি'র টেকনিক্যাল কমিটি'' ঃ

| | |
|---|---|
| প্রধান প্রকৌশলী | আহবায়ক |
| প্রধান সম্পত্তি কর্মকর্তা | সদস্য |
| প্রধান রাজস্ব কর্মকর্তা | সদস্য |
| তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) | সদস্য |
| তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ) | সদস্য |
| প্রধান নগর পরিকল্পনাবিদ | সদস্য |
| নির্বাহী প্রকৌশলী, অঞ্চল-১, ঢাদসিক | সদস্য |
| তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিবেশ জলবায়ু ও দূর্যোগ ব্যবস্থাপনা সার্কেল) | সদস্য সচিব |

...য় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ এর ৩য় তফসিলের ১৭(১) ও ১৭(২) ধারা ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অফিস আদেশ নং ৪৬.২০৭.০০০.১৪.০০.৫৮৫.২০০৫/১১৫, তারিখ ঃ ২৪/০৯/২০১৮ অনুসরণে কমিটি দুটি গঠিত।

খ-২.১। ''ঝুকিপূর্ণ ভবন সংক্রান্ত ঢাদসিক'র টেকনিক্যাল কমিটি''কর্তৃক আঞ্চলিক কমিটির প্রস্তাবনা যথাযথভাবে যাচাই-বাছাইপূর্বক প্রয়োজনে পরিদর্শন করে বা বিশেষজ্ঞ পরামর্শ বা পরীক্ষাগারে পরীক্ষার প্রয়োজন হলে পরীক্ষার রিপোর্ট সংগ্রহপূর্বক ঝুঁকিপূর্ণ ঘোষনার সুস্পষ্ট কারিগরি প্রতিবেদনসহ সুপারিশ সম্বলিত নিলাম প্রস্তাব পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রধান সম্পত্তি কর্মকর্তা বরাবর প্রেরণ করতে হবে।

খ-২.২। ''ঝুকিপূর্ণ ভবন ঘোষনা সংক্রান্ত ঢাদসিক'র টেকনিক্যাল কমিটি''র সুপারিশ কর্তৃপক্ষের অনুমোদন হলে সিদ্ধান্তটি ঢাদসিক'র আঞ্চলিক কমিটি''কে অবহিত করতে হবে।

খ-২.৩। চূড়ান্তভাবে ঝুঁকিপূর্ণ ঘোষিত ভবনে বসবাসরতদের (যদি থাকে) ভবন ছাড়ার জন্য প্রধান সম্পত্তি কর্মকর্তা নোটিশ প্রদান করবেন।

খ-২.৪। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা চূড়ান্তভাবে চিহ্নিত ঝুঁকিপূর্ণ ভবনে কেউ যেন বসবাস করতে না পারে তা নিশ্চিত করবেন এবং অঞ্চলের নির্বাহী প্রকৌশলী জাতীয় দূর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী ঝুঁকিপূর্ণ ভবনে লাল সাইনবোর্ড লাগাবেন।

## (গ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অপরাপর পরিত্যক্ত/ব্যবহার অনুপযোগী পণ্য/মালামাল/লট এর নিলাম প্রস্তাব প্রেরণের পদ্ধতি ঃ

গ-১। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মালিকানাধীন যানবাহন/যন্ত্রপাতি/ইলেকট্রিক ও ইলেকট্রনিক পণ্য/ঝুঁকিপূর্ণ ভবন/স্থাপনা ব্যতিরেকে সংস্থার অন্যান্য সকল পরিত্যক্ত/ব্যবহার অনুপযোগী মালামাল/ঝড়ে পড়া বৃক্ষ/মৃত বৃক্ষ নিম্নরূপ কমিটি নিলাম প্রস্তাব প্রেরণ করবে।

| | |
|---|---|
| আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সংশ্লিষ্ট অঞ্চল) | আহবায়ক |
| নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ/বর্জ্য/যান্ত্রিক (সংশ্লিষ্ট অঞ্চল) | সদস্য |
| সহকারী স্বাস্থ্য কর্মকর্তা (সংশ্লিষ্ট অঞ্চল) | সদস্য |
| নির্বাহী প্রকৌশলী (পুর) (সংশ্লিষ্ট অঞ্চল) | সদস্য সচিব |

গ-২। কমিটি কর্তৃক সংশ্লিষ্ট অঞ্চলের পুরাতন/ব্যবহার অনুপযোগী/পরিত্যক্ত পণ্য/মালামাল/লট (অকেজো আসবাবপত্র,অফিস সরঞ্জাম, মশকের খালি ড্রামসহ অন্যান্য যাবতীয় মালামালের তালিকা প্রস্তুতকরণ, পরিমাণ/সংখ্যা নিরূপন এবং নিলাম বিক্রয়ের উদ্দেশ্যে প্রাক্কলন প্রস্তুত করে প্রধান সম্পত্তি কর্মকর্তার কাছে প্রেরণ করতে হবে।

(ঘ) প্রধান সম্পত্তি কর্মকর্তা (ক), (খ) এবং (গ) অনুচ্ছেদে বর্ণিত কমিটিসমূহের নিকট হতে প্রাপ্ত নিলাম প্রস্তাব ও প্রাক্কলন সরকারি মূল্য নির্ধারণের লক্ষ্যে সরকারি নিলাম মূল্য নির্ধারণ কমিটির নিকট উপস্থাপন করবেন।

### (ক) ঢাদসিক'র নিলামযোগ্য মালামাল এর সরকারি মূল্য নির্ধারণ কমিটি ঃ

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অকেজো ভারী ও হালকা যানবাহন/যন্ত্রপাতি, ঝুঁকিপূর্ণ ভবন/স্থাপনা/অবকাঠামো এবং পরিত্যক্ত/ব্যবহার অনুপযোগী ইলেকট্রিক ও ইলেকট্রনিক পণ্য/স্ক্রাপ মালামাল/ঝড়ে পড়া ও মৃত বৃক্ষাদি/ঝুঁকিপূর্ণ অবকাঠামোসহ অকেজো বিবিধ মালামাল নিলামের লক্ষ্যে (ক), (খ) এবং (গ) অনুচ্ছেদে বর্ণিত কমিটিসমূহের নিকট হতে প্রাপ্ত নিলাম প্রস্তাবনা পরীক্ষা করে নিম্নরূপ কমিটি নিলাম মূল্য নির্ধারণ করবে ঃ

| | |
|---|---|
| প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাদসিক | আহবায়ক |
| নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/সহকারী পরিচালক, বিআরটিএ (সংশ্লিষ্ট) | সদস্য |
| আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সংশ্লিষ্ট), ঢাদসিক | সদস্য |
| নির্বাহী প্রকৌশলী, যান্ত্রিক/বিদ্যুৎ/পুর (সংশ্লিষ্ট), ঢাদসিক | সদস্য-সচিব |

কর্পোরেশনের অঞ্চল অফিস হতে প্রেরিত নিলামের প্রস্তাব ও প্রাক্কলন যাচাই করে প্রয়োজনে কমিটি কর্তৃক সংশ্লিষ্ট ভবন/স্থাপনা/ইলেকট্রনিক পন্য/যানবাহন/যন্ত্রপাতি/দ্রব্যাদি বা অন্যান্য মালামাল পরীক্ষান্তে অকেজো ও নিলামযোগ্য বিবেচিত হলে এবং প্রাক্কলন যুক্তিযুক্ত বলে বিবেচিত হলে প্রস্তাবের আলোকে প্রস্তাবিত মালামালের সরকারি মূল্য নির্ধারণ করে সিটি কর্পোরেশন সাধারণ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করবে। সাধারণ সভায় অনুমোদন প্রাপ্তির পর প্রধান সম্পত্তি কর্মকর্তা নিলাম প্রস্তাবটি চুড়ান্ত অনমোদনের লক্ষ্যে তথা অকেজো ঘোষনা ও সরকারি দর অনুমোদনের লক্ষ্যে সিটি কর্পোরেশন কনডেমনেশন কমিটির সদস্য সচিব প্রধান নির্বাহী কর্মকর্তার নিকট পরবর্তী কার্যক্রমের জন্য উপস্থাপন করবে।

## নিলাম ও অকেজো ঘোষণা সংক্রান্ত কমিটি ঃ

সিটি কর্পোরেশন মূল্য নির্ধারণ কমিটির নিকট হতে নিলাম প্রস্তাব প্রাপ্তির পর প্রধান নির্বাহী কর্মকর্তা তা অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগের পরিপত্র নং-৪৬.০০.০০০০.০৭১.১৮.০০১.১২-২৫৯, তারিখ-১৩/০৫/২০১৩ খ্রি. মূলে গঠিত "সিটি কর্পোরেশন কনডেমনেশন কমিটি" এর নিকট উপস্থাপন করবে।

সিটি কর্পোরেশন কনডেমনেশন কমিটি নিম্নরূপঃ

| | |
|---|---|
| বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ | আহবায়ক |
| জেলা প্রশাসক, ঢাকা | সদস্য |
| সচিব, ঢাদসিক | সদস্য |
| মাননীয় মেয়র কর্তৃক মনোনীত একজন কাউন্সিলর | সদস্য |
| তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পুর/যান্ত্রিক/বিদ্যুৎ (সংশ্লিষ্ট) ঢাদসিক | সদস্য |
| নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ (প্রধান প্রকৌশলী, গণপূর্ত কর্তৃক মনোনিত) | সদস্য |
| নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঢাকা | সদস্য |
| প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাদসিক | সদস্য সচিব |

### দরপত্র আহবান

নিলাম প্রস্তাব কনডেমনেশন কমিটির অনুমোদনের পর কনডেমনেশন কমিটির কার্যবিবরণী মাননীয় মেয়র এঁর অনুমোদনক্রমে প্রধান সম্পত্তি কর্মকর্তা দরপত্র আহবান করবেন।

ঙ। দরপত্র আহবানঃ

পরিত্যক্ত ঘোষণার কার্যবিবরণী প্রাপ্তির পর প্রধান সম্পত্তি কর্মকর্তা Public Procurement Act-2006 ও Public Procurement Act Rules-2008 অনুসরণপূর্বক পরিত্যক্ত/অকেজো ঘোষিত মালামাল নিলামে বিক্রয়ের লক্ষ্যে সম্পত্তি বিভাগ হতে দরপত্র আহবান করবেন। দরপত্র বিজ্ঞপ্তি বহুল প্রচলিত ০১ টি বাংলা ও ০১ টি ইংরেজি জাতীয় পত্রিকায় প্রকাশ করতে হবে। এছাড়াও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা করতে হবে। বিজ্ঞপ্তিতে দরদাতার যোগ্যতা ও শর্তাবলী সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। দরদাতা প্রদত্ত দরের ৩০% হারে জামানত কোন তফশীলি ব্যাংক থেকে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দরপত্রের সাথে সংযুক্ত করে দিতে হবে মর্মে বিজ্ঞপ্তিতে আবশ্যিকভাবে উল্লেখ থাকতে হবে।

তবে সরকারী মূল্য/প্রাক্কলিত মূল্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার নিম্নে নির্ধারণ হলে সেক্ষেত্রে দৈনিক পত্রিকার পরিবর্তে ডিএসসিসি'র নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রচার করে নিলাম কার্য পরিচালনা করা যাবে। বিজ্ঞপ্তিতে নিলাম অনুষ্ঠানের স্থান, তারিখ, সময়, পণ্যের সংক্ষিপ্ত বিবরণ উল্লেখ থাকবে এবং বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করতে হবে।

চ। দরপত্র উন্মুক্তকরণ কমিটি ঃ দরপত্র আহবানের প্রেক্ষিতে বিজ্ঞপ্তি অনুযায়ী দরপত্র গ্রহণের ধার্য্য তারিখে নিম্নরূপ কমিটি দরপত্র উন্মুক্ত করবে।

| | |
|---|---|
| সম্পত্তি কর্মকর্তা, ঢাদসিক | আহবায়ক |
| নির্বাহী প্রকৌশলী, অঞ্চল-১, ঢাদসিক | সদস্য |
| সহকারী সচিব, সংস্থাপন শাখা-২, ঢাদসিক | সদস্য |
| সহকারী সম্পত্তি কর্মকর্তা, ঢাদসিক | সদস্য সচিব |

উন্মুক্তকরণ কমিটির কার্যপরিধি ঃ

দরপত্র বিজ্ঞপ্তি অনুসরণে সম্পত্তি কর্মকর্তা/সহকারী সম্পত্তি কর্মকর্তা নিলামক্রয়ে আগ্রহী দরদাতাদের মধ্যে অফেরতযোগ্য নির্ধারিত মূলে সিডিউল বিক্রয় করবেন। সিডিউল বিক্রয় মূল্য নিলাম কমিটির সদস্য সচিব বা সম্পত্তি বিভাগের দায়িত্বপ্রাপ্ত কোন কর্মকর্তার স্বাক্ষরে চালানের মাধ্যমে কর্পোরেশনের চলতি হিসাবে জমা প্রদান করবেন। দরপত্র গ্রহণের ধার্য্য তারিখসমূহে কমিটি বিজ্ঞপ্তিতে উল্লেখিত স্থানসমূহে সিলগালাকৃত দরপত্র গ্রহণ বাক্স স্থাপন করবে। নির্ধারিত সময়ে দরপত্র গ্রহণ বাক্স উন্মুক্ত করে দরপত্রসমূহে স্বাক্ষর করে সংযুক্ত কাগজপত্র যাচাই-বাছাই করে তুলনামূলক বিবরণী প্রস্তুতপূর্বক দরপত্রের যাবতীয় কাগজপত্র দরপত্র মূল্যায়ন কমিটির সদস্য সচিব প্রধান সম্পত্তি কর্মকর্তার নিকট প্রেরণ করবে।

ছ। গৃহীত দরপ্রস্তাব মূল্যায়নের নিমিত্ত ''দরপত্র মূল্যায়ন কমিটি" নিম্নরূপ ঃ

| | | |
|---|---|---|
| ১. | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | আহবায়ক |
| ২. | সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | সদস্য |
| ৩. | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | সদস্য |
| ৪. | প্রধান প্রকৌশলী, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | সদস্য |
| ৫. | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সংশ্লিষ্ট), ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | সদস্য |
| ৬. | প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | সদস্য সচিব |

কমিটির কার্যপরিধি ঃ

কমিটির সদস্য সচিব নিলাম অনুষ্ঠানের পরবর্তী কার্যদিবসে মূল্যায়ন কমিটির সভার আহবানের জন্য আহবায়কের নিকট উপস্থাপন করবেন। মূল্যায়ন কমিটির সভায় দরপত্র উন্মুক্তকরণ কমিটির নিকট হতে প্রাপ্ত তুলনামূলক বিবরণী দরপত্রসমূহে বিজ্ঞপ্তির শর্ত মোতবেক যাচাই করে বৈধ দরসমূহের মধ্যে সরকারি মূল্যের অধিক ও সন্তোষজনক সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রদানের সুপারিশ করবে। সন্তোষজনক দর না পাওয়া গেলে বিজ্ঞপ্তিতে উল্লেখিত পরবর্তী তারিখসমূহে শিডিউল বিক্রির নির্দেশনা প্রদান করবেন।

বিজ্ঞপ্তিতে ধার্য্য ৩টি তারিখে সন্তোষজনক দর পাওয়া না গেলে দরপত্র মূল্যায়ণ কমিটি পরবর্তী করণীয় বিষয়ে সুপারিশসহ বিষয়টি সিদ্ধান্তের জন্য মাননীয় মেয়রের নিকট উপস্থাপন করবেন। মাননীয় মেয়রের নির্দেশনার আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। দরপত্রের সাথে জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার না পাওয়া গেলে সে দর সর্বোচ্চ হলেও তা তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে।

(জ) দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ সম্বলিত কার্যবিবরণী মাননীয় মেয়রের অনুমোদনক্রমে প্রধান সম্পত্তি কর্মকর্তা সর্বোচ্চ দরদাতাকে অবশিষ্ট টাকা জমা প্রদানের পত্র প্রদান করবেন।

(ঝ) সর্বোচ্চ দরদাতা তার দাখিলকৃত দর হতে জামানতের টাকা বাদ দিয়ে দরের অবশিষ্ট বাকী টাকা মেয়র ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অনুকূলে সিডিউল ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে সম্পত্তি বিভাগের কর্মকর্তার স্বাক্ষরে জমা প্রদান করতে হবে। এ ক্ষেত্রে দাখিলকৃত দরের উপর প্রচলিতি বিধি মোতাবেক মূল্য সংযোজন কর, আয়কর ও অন্যান্য কর (যদি থাকে) আলাদাভাবে ট্রেজারী চালানের মাধ্যমে সংশ্লিষ্ট অর্থনৈতিক কোড ও খাতে জমা প্রদান করতে হবে।

(ঞ) সমুদয় টাকা পরিশোধ হলে সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রদান করতে হবে। কার্যাদেশ প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে নিলামের মালামাল দরপত্র দাতা কর্তৃক ডেলিভারী/অপসারণ গ্রহণের কার্যক্রম শুরু করতে হবে এবং ০১ (এক) মাসের মধ্যে সম্পূর্ন পণ্য/লট/অবকাঠামো ডেলিভারী/অপসারণ নিতে/করতে হবে। উক্ত সময় সীমার মধ্যে যদি কেউ পণ্য/লট/অবকাঠামো ডেলিভারি/অপসারণ নিতে/করতে ব্যর্থ হলে প্রতি অতিরিক্ত দিন বিলম্বের জন্য ডাককৃত মোট মূলের উপর শতকরা ৩% হারে জরিমানা কমিটির আহবায়কের বরাবর ব্যাংকড্রাফট/পে-অর্ডার আকারে জমা প্রদান করে পরবর্তী ১০ (দশ) দিনের মধ্যে পণ্য/লট/অবকাঠামো খালাস/অপসারণ নিতে/করতে হবে। বিলম্বে পন্যে/লট/ অবকাঠামো খালাস/অপসারণ নেওয়ার/করার কারণে পণ্য/লট/অবকাঠামোরগুনগত মান,পরিমান হ্রাস কিংবা অন্য কোন দুর্ঘটনার কারণে ক্ষতিগ্রস্থ হলে কর্পোরেশনের কোন দায়-দ্বায়িত্ব থাকবে না;

(ট) কার্যাদেশ প্রাপ্তির দুই মাসের মধ্যে কাজ সমাপ্তি করতে না পারলে প্রদত্ত কার্যাদেশ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে;

(ঠ) নিলামকারী কার্যাদেশে প্রয়োজনীয় শর্তাদি আরোপ করতে পারবেন।

(ড) নিলাম সংক্রান্ত নথিপত্র ও নিলাম বিক্রয় অর্থ সংক্রান্ত যাবতীয় হিসাব খাত ভিত্তিক একটি রেজিষ্টারে নিলাম প্রদানকারী শাখার প্রধান সহকারী অথবা নিলাম কমিটির আহবায়ক কর্তৃক কার্যবন্টন অনুযায়ী নির্দেশিত সহকারী সংরক্ষণ করবেন।

স্পট নিলাম ঃ

গ-৫। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের কোন অতি ঝুঁকিপূর্ণ ভবনের অংশ/নির্মাণ সামগ্রী/বৃক্ষাদি, ঝড়ে পড়া বৃক্ষাদি/ডালপালা/জনস্বাস্থের জন্য মারাত্মক হুমকি সৃষ্টিকারী দ্রব্যাদি তাৎক্ষনিকভাবে বিলিবন্দোবস্তের প্রয়োজন হলে স্পট নিলাম পদ্ধতিতে তা নিষ্পত্তি করা যাবে। স্পট নিলাম নিম্নরূপ কমিটির মাধ্যমে পরিচালনা করা হবেঃ

| | |
|---|---|
| প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাদসিক | আহবায়ক |
| আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সংশ্লিষ্ট), ঢাদসিক | সদস্য |
| নির্বাহী প্রকৌশলী, যান্ত্রিক/বিদ্যুৎ/পুর (সংশ্লিষ্ট), ঢাদসিক | সদস্য |
| সম্পত্তি কর্মকর্তা, সম্পত্তি বিভাগ, ঢাদসিক | সদস্য সচিব |

গ-৫.১। কার্যপরিধি ঃ

গ-৫.১.১। সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়/শাখা হতে স্পট নিলামের প্রস্তাব প্রাপ্তির পর কর্তৃপক্ষের তাৎক্ষনিক মৌখিক অথবা লিখিত নির্দেশনায় স্পটে উপস্থিত হয়ে নির্বাহী প্রকৌশলী পদমর্যাদার একজন কর্মকর্তার মাধ্যমে মূল্য নির্ধারণপূর্বক মাইকযোগে সম্পত্তি বিভাগ কর্তৃক ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। উপস্থিত ক্রেতাদের মধ্যে উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে নিলাম কার্যক্রম পরিচালনা করা হবে। বিজ্ঞপ্তি মাইকযোগে প্রচারের সমর্থনে প্রচারিত বিজ্ঞপ্তিটির একটি লিখিত কপিতে স্থানীয় ০৩ জনের নাম, ঠিকানা এবং স্বাক্ষর গ্রহণ করতে হবে (যারা এই বিজ্ঞপ্তি প্রচার শুনছেন)। এই ধরণের কপি নিলাম পরিচালনাকারীর স্বাক্ষরে অবশ্যই নথিতে সংরক্ষণ করতে হবে।

গ-৫.১.২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিলামে প্রাপ্ত অর্থ চালানের মাধ্যমে ঢাদসিক'র তহবিলে জমা প্রদানপূর্বক কর্তৃপক্ষের অবগতির জন্য নথিতে উপস্থাপন করতে হবে।

গ-৫.১.৩। এ নীতিমালা জারীর তারিখ হতে কার্যকরী হবে এবং উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রয়োজনীয়তায় নিরিখে সময় সময় সংশোধন করা যাবে।

# ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন



...য় ঃ গাড়ী/যন্ত্রপাতি অকেজো ঘোষনাকল্পে সরবরাহযোগ্য তথ্য বিবরণী।

১। (ক) রেজিঃ নং ............................ (খ) নির্মাতা ঃ ............................
(গ) গাড়ীর ধরন ঃ ............................ (ঘ) প্রস্তুতকাল ঃ ............................
(ঙ) চেসিস নং ঃ ............................ (চ) ইঞ্জিন নং ঃ ............................
(ছ) ইঞ্জিন ঃ পেট্রোল/ডিজেল ............................ (জ) সিলিন্ডার সংখ্যা ঃ ............................

২। (ক) মোট কত দিন বিকল আছে ঃ ............................
(খ) বৈকল্যের কারণ সমূহ ঃ
(১) ............................
(২) ............................
(৩) ............................
(৪) ............................
(৫) ............................
(৬) ............................
(৭) ............................
(৮) ............................

৩। (ক) মোটরযানটি যে স্থানে বর্তমানে আছে ঃ
............................
............................
............................
............................

(খ) মোটরযান নিয়ন্ত্রনকারী ঃ
নাম ও পদবী ঃ ............................
অফিস ঃ ............................
ঠিকানা ঃ ............................
টেলিফোন নং ঃ ............................

৪। মোটরযানের ক্রয়মূল্য ও ক্রয়ের তারিখ ঃ ............................
৫। মোটরযান মোট কত কিলোমিটার চলেছে ঃ ............................
৬। (ক) বর্তমান সময় পর্যন্ত ইঞ্জিন ওভারহোলিং এর মোট ব্যয় ঃ ............................ টাকা
(খ) ইঞ্জিন ব্যতীত অন্যান্য খরচ ঃ ............................টাকা
(গ) ক্রয় এর তারিখ হতে বর্তমান সময় পর্যন্ত সর্বমোট মেরামত খরচ ঃ ............................ টাকা
৭। মোটরযানটির আনুমানিক স্যালভেজ মূল্য ঃ ............................
৮। মেরামতের জন্য প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশ সংগ্রহ করা সম্ভব কি? ............................
৯। বর্তমানে মেরামত করতে কত টাকা খরচ হতে পারে ঃ ............................
১০। অকেজো ঘোষণা করার পক্ষে যুক্তি ঃ ............................
(প্রয়োজনে আলাদাভাবে দেওয়া যেতে পারে)

| | | |
|---|---|---|
| ফোরম্যান/উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) | সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) | নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) |

# ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

পরিশিষ্ট-ক-২

...ষয় ঃ <u>গাড়ী/যন্ত্রপাতি অকেজো ঘোষনা করার প্রস্তাবের প্রেক্ষিতে পরিদর্শন প্রতিবেদন।</u>

রেজিঃ নং-

তৈরীর সন-

গাড়ীর ধরন ঃ

মোটরযান প্রস্তুতকারকের নাম-

চেসিস নং-

ইঞ্জিন নং-

ইঞ্জিন ঃ

বিকল/চালু প্রতি লিটার কত কিঃ মিঃ-

সূত্র ঃ ..............................................................................

| ক্রমিক নং | ইউনিট/মূল যন্ত্রপ্রণালী | বর্তমান অবস্থা | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |

২। মোটরযানটির স্যালভেজ মূল্য ঃ

৩। মেরামত খরচের পরিমান ঃ

৪। মেরামত পরবর্তী আনুমানিক মূল্য ঃ

৫। পরিদর্শকের মতামত ঃ

পরিদর্শনকারী কর্মকর্তা

সহকারী প্রকৌশলী
(যান্ত্রিক)

নির্বাহী প্রকৌশলী
(যান্ত্রিক)

পরিশিষ্ট- 'খ'

**ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা ।**

**বিষয়ঃ উচ্ছেদ অভিযান/মোবাইল কোর্ট পরিচালনাকালে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক অপসারিত মালামালের প্রকাশ্য নিলাম/স্পট নিলাম ।**

ঘটনাস্থলঃ ......................................... মালামালের আনুমানিক পরিমাণঃ .................... ধার্যকৃত মূল্যঃ ...................... তারিখঃ ................

| ক্র. নং | নিলামে অংশগ্রহণকারীর নাম ও ঠিকানা | জামানত | মালামালের সংক্ষিপ্ত বিবরণ | স্পট নিলামের সময় দরদাতা কর্তৃক উদ্ধৃত দর | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১ | | | | | |
| ০২ | | | | | |
| ০৩ | | | | | |
| ০৪ | | | | | |
| ০৫ | | | | | |

| | |
|---|---|
| **সর্বোচ্চ দরঃ**<br><br>**সর্বোচ্চ দরদাতার নামঃ**<br><br>**পিতার নামঃ**<br><br>**ঠিকানাঃ** | **নিলাম পরিচালনাকারী কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ** |